অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/7/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো লং আইল্যান্ড ম্যাকআর্থার বিমানবন্দরে 8.4 মিলিয়ন মার্কিন ডলারের আন্তঃমোডাল স্থল পরিবহন সুবিধার জন্য কাজ শুরুর ঘোষণা করেছেন

পরিবহন অবকাঠামোতে রাষ্ট্রীয় বিনিয়োগ লং আইল্যান্ডকে নতুন ব্যবসার কাছে আরো আকর্ষণীয় করে তুলতে সাহায্য করে এবং উন্নয়ন ও কর্মসংস্থান বৃদ্ধির সুবিধা প্রদান করে

জাতির অন্যতম সেরা ছোট বিমানবন্দর, লং আইল্যান্ড ম্যাকআর্থার বিমানবন্দর বৃহত্তর নিউ ইয়র্ক মেট্রোপলিটন বিমানবন্দরের সুবিধাজনক ভ্রমণ বিকল্প প্রদান

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ সাফোক কাউন্টির আইস্লিপ লং আইল্যান্ড ম্যাকআর্থার বিমানবন্দরে 8.4 মিলিয়ন মার্কিন ডলারের আন্তঃমোডাল স্থল পরিবহন সুবিধার কথা ঘোষণা করেছেন। যাত্রী কেন্দ্রিক সুবিধা, যা বিমানবন্দরের অব্যাহত আধুনিকীকরণের অবিচ্ছেদ্য অংশ, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT) থেকে 800,000 মার্কিন ডলার অনুদান এবং একটি 650,000 মার্কিন ডলারের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট অনুদান দ্বারা সমর্থিত। হাবটি, যা বিমানবন্দরে পর্যটকদের প্রবেশাধিকার উন্নত করবে, লং আইল্যান্ড আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের কৌশলগত পরিকল্পনায় একটি বিনিয়োগ হিসাবে চিহ্নিত হয় যা অঞ্চলের প্রতিযোগিতা বৃদ্ধি করবে।

"ফেডারেল সমর্থনের দীর্ঘ খরার মুখে নিউ ইয়র্ক তার অবকাঠামো পুনর্নির্মাণ এবং পুনরুজ্জীবিত করছে, এবং এই প্রতিশ্রুতির মানে হচ্ছে রাষ্ট্রের বিমানবন্দরকে একবিংশ শতাব্দীতে নিয়ে যাওয়া," **গভর্নর কুওমো বলেছেন।** "লং আইল্যান্ড ম্যাকআর্থার বিমানবন্দরের এই নতুন ওয়ান-স্টপ সুবিধা নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড অঞ্চলের ব্যবসায়ী এবং পর্যটকদের একটি উন্নত এবং স্ট্রিমলাইন ভ্রমণ অভিজ্ঞতা প্রদান করবে।"

"ম্যাকআর্থার বিমানবন্দরে একটি নতুন স্থল পরিবহন সুবিধার কাজ শুরু লং আইল্যান্ডের একটি নতুন গেটওয়ের প্রতিনিধিত্ব করে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমাদের আঞ্চলিক বিমানবন্দরের আধুনিকীকরণ আমাদের অনন্য এবং বৈচিত্র্যময় নিউ ইয়র্ক স্টেট অঞ্চলে ব্যবসা এবং পর্যটন বৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং মহামারী পরবর্তী ভবিষ্যতের জন্য আমরা কিভাবে আগের চেয়ে ভালো ভাবে গড়ে তুলছি তার আরেকটি উদাহরণ।"

স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি থেরেস ডোমিঙ্গেজ বলেন, "গভর্নর কুওমো রাজ্যব্যাপী বিমানবন্দর পুনর্নির্মাণ এবং আধুনিকীকরণে অভূতপূর্ব বিনিয়োগ করেছেন, যা নিউ ইয়র্কের প্রতিটি অঞ্চলে অর্থনৈতিক কার্যকলাপ বৃদ্ধির প্রধান প্রবেশদ্বার। লং আইল্যান্ড ম্যাকআর্থার বিমানবন্দরের এই সাম্প্রতিক বিমানবন্দর আধুনিকীকরণ প্রকল্প পর্যটকদের জন্য একটি সমন্বিত স্থল আন্তঃমোডাল পরিবহন সুবিধা তৈরি করে যাত্রীদের জন্য বিমানবন্দরের অভিজ্ঞতা বৃদ্ধি করবে যার ফলে সহজে গাড়ি ভাড়া, ট্যাক্সি এবং বাস পাওয়া সহজ হবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "নতুন লং আইল্যান্ড ম্যাকআর্থার বিমানবন্দর পরিবহন হাব শুধুমাত্র আমাদের রাজ্যের বিমানবন্দরের সর্বশেষ যাত্রী কেন্দ্রিক উন্নয়নের প্রতিনিধিত্ব করে না, বরং আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়নে গভর্নর কুওমোর চলমান অঙ্গীকারের প্রতিনিধিত্ব করে। পরিবহন অর্থনৈতিক প্রবৃদ্ধির একটি প্রধান চালিকাশক্তি, এবং যেসব বিনিয়োগ এই সুবিধাগুলির উন্নয়ন এবং আধুনিকায়ন করে সেগুলি দীর্ঘমেয়াদী ব্যবসায়িক উন্নয়নে উৎসাহিত করে এবং রাজ্য জুড়ে লং আইল্যান্ড এবং অঞ্চলের পর্যটকদের স্বাগত জানায়।"

ম্যাকআর্থার বিমানবন্দরের একটি বিদ্যমান ভবনকে একটি ওয়ান স্টপ পরিবহন কেন্দ্রে সংস্কার করা হবে যাতে বিমানবন্দরের ভেতরে এবং বাইরে ভ্রমণের জন্য সব ধরনের পরিবহন ব্যবস্থা রাখা যায়। এই নতুন 12,000 বর্গ ফুট সুবিধা একটি কেন্দ্রীভূত এলাকায় সকল রেন্টাল গাড়ি সুবিধার জন্য রেডি এবং রিটার্ন লট একত্রিত করবে এবং প্রধান টার্মিনালের ব্যাগেজ দাবি এলাকা থেকে ভাড়ার গাড়ির কাউন্টার স্থানান্তর করবে। বিমানবন্দরের ট্যাক্সি স্ট্যান্ড, বর্তমানে ব্যাগেজ দাবি এলাকায় অবস্থিত, নতুন পরিবহন সুবিধায় সরানো হবে, এবং বিদ্যমান সাফোক কাউন্টি বাস স্টপ প্রধান টার্মিনাল রোডওয়ের বাইরের লেন থেকে এই নতুন সুবিধার একটি নিরাপদ স্থানে সরানো হবে। ভাড়ার গাড়ি প্রস্তুত লট এবং কাউন্টার, ট্যাক্সি বিক্রেতা, সাফোক কাউন্টি বাস স্টপ এবং লং আইল্যান্ড রেল শাটল স্টপ এখন বিমানবন্দরের প্রধান টার্মিনাল বিল্ডিং এর প্রবেশদ্বার এবং প্রস্থানের মধ্যে একটি সুবিধাজনক অবস্থানে অবস্থিত হবে। সম্পন্ন সুবিধায় এছাড়াও দুই এন্ট্রি পয়েন্টের সংযোগকারী একটি আবৃত ওয়াকওয়ে অন্তর্ভুক্ত করা হবে। ভ্রমণকারীরা তাদের নিজস্ব যানবাহন নিতে বা রেখে যেতে পারবেন যা একটি স্বয়ংক্রিয় পরিবহন সেবার মাধ্যমে সরবরাহ করা হতে পারে, যা ফ্লোরিডায় বেশ কিছু যানবাহনের দীর্ঘ সময়ব্যাপী সরবরাহ করে।

সিনেটর মনিকা আর. মার্টিনেজ বলেন, "লং আইল্যান্ড, বিশেষ করে সাফোক কাউন্টির প্রতি গভর্নর কুওমোর অঙ্গীকার অবিচল। আমরা যে সময়ে আছি, অবকাঠামোতে বিনিয়োগ কর্মসংস্থান সৃষ্টি এবং লং আইল্যান্ডে পর্যটন সম্প্রসারণের মাধ্যমে আমাদের অর্থনীতিকে চাঙ্গা করতে সাহায্য করবে। ম্যাকআর্থার বিমানবন্দরের বিশাল সম্ভাবনা আছে যা অবশ্যই সর্বোচ্চ ব্যবহার করতে হবে এবং আজকের ঘোষণাটি শুধুমাত্র সাফোকের বাসিন্দাদের জন্য নয়, সমগ্র লং আইল্যান্ড অঞ্চলের জন্য সঠিক দিকে একটি পদক্ষেপ।"

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেন, "ম্যাকআর্থার বিমানবন্দর সাফোক কাউন্টির কেন্দ্রস্থলে অবস্থিত এবং যারা আমাদের অঞ্চলের যা কিছু দেওয়ার মত আছে তা আবিষ্কার

করতে চায় তাদের স্বাগত জানানোর জন্য একটি গেটওয়ে হিসেবে কাজ করে। এই বিমানবন্দরের আধুনিকীকরণ এবং এটিকে একটি অত্যাধুনিক ট্রানজিট হাবে রূপান্তর করা লং আইল্যান্ডে নতুন ব্যবসা এবং পর্যটকদের আকর্ষণ করার ক্ষেত্রে ধাঁধার একটি গুরুত্বপূর্ণ অংশ। আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই আমাদের পরিবহন অবকাঠামোতে তার অব্যাহত বিনিয়োগের জন্য, যা অর্থনৈতিক কর্মকাণ্ডকে উৎসাহিত করবে, স্থানীয় ব্যবসায়ীদের সমর্থন করবে এবং আমাদের অঞ্চলের প্রতিযোগিতামূলক থাকা নিশ্চিত করবে।"

ইসলিপ টাউন সুপারভাইজর অ্যানজি কারপেন্টার বলেন, "আমরা ধারাবাহিকভাবে ম্যাকআর্থার বিমানবন্দরের অবকাঠামো আধুনিকীকরণ এবং উন্নত করার জন্য কাজ করছি একটি চমৎকার গ্রাহক অভিজ্ঞতা প্রদান এবং পুরাতন এলাকা এবং উপাদান আধুনিক করার জন্য। গত চার বছরে, 50 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি মূলধন উন্নয়ন প্রকল্প সম্পন্ন হয়েছে অথবা কাজ চলছে। এই প্রধান সংস্কার প্রকল্প স্থানীয় করদাতাদের বিনা খরচ সম্পন্ন হয়েছে এবং আমাদের বিমানবন্দর এবং সম্প্রদায়কে অনেক সুবিধা প্রদান করে।"

লং আইল্যান্ড রিজিওনাল ইকনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল (Long Island Regional Economic Development Council, LIREDC) এর কো-চেয়ারম্যান কেভিন ল, লং আইল্যান্ড অ্যাসোসিয়েশনের সভাপতি এবং হফস্ট্রা বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট স্টুয়ার্ট রাবিনোউইৎজ বলেন, "ম্যাকআর্থার বিমানবন্দর এই অঞ্চলের অর্থনৈতিক স্বাস্থ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং একটি স্থানে সেবা এবং সুযোগ-সুবিধা একত্রিত করার মাধ্যমে, পর্যটকদের একটি আধুনিক সুবিধা দিয়ে স্বাগত জানাবে যা নিরাপদ, আরো কেন্দ্রীভূত এবং আরও সহজে পরিভ্রমণ করা যাবে। এটা আরেকটি উপায় যার মাধ্যমে আমরা লং আইল্যান্ডকে সবার কাছে আরো আকর্ষণীয় করে তুলতে চাই, সেটা ভ্রমণের উদ্দেশ্যেই আসা হোক বা তাদের ব্যবসা এখানে স্থানানর করার জন্যই হোক।"

লং আইল্যান্ড ম্যাকআর্থার বিমানবন্দরে আজকের কাজ শুরু গত পাঁচ বছরে অভূতপূর্ব 316 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি সরাসরি রাষ্ট্রীয় বিনিয়োগের পরিপূরক যা স্টেটব্যাপী মিউনিসিপাল বিমানবন্দর সংস্কারে বিনিয়োগ হয়েছে সেই সব সুবিধার জন্য যা নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey) কর্তৃক পরিচালিত নয়। রাষ্ট্রের বিনিয়োগের মধ্যে রয়েছে বৃহত্তর রোচেস্টার আন্তর্জাতিক বিমানবন্দর, সিরাকিউস হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দর, এলমিরা কর্নিং আঞ্চলিক বিমানবন্দর, প্ল্যাটসবার্গ আন্তর্জাতিক বিমানবন্দর, ইথাকা টম্পকিন্স আন্তর্জাতিক বিমানবন্দর, এবং অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর সহ বিমানবন্দর আধুনিকায়নে 200 মিলিয়ন মার্কিন ডলার। ভাল বেতনের এরোনটিক্যাল সম্পর্কিত কর্মসংস্থান সৃষ্টি ছাড়াও, এই অত্যাধুনিক বিনিয়োগ নকশা, যাত্রী সুবিধা এবং গ্রাহক অভিজ্ঞতা বৃদ্ধির মধ্যে উদ্ভাবন, টেকসইতা এবং স্থিতিশীলতা অন্তর্ভুক্ত করেছে। এই তহবিল জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর এবং লাগার্ডিয়া বিমানবন্দর উভয়ের 21 বিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের নবায়ন এবং আধুনিকায়নে যোগ করে।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন